বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## জানুয়ারি-২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২১ জানুয়ারি ২০২৬
সময় : দুপুর ২.৩০ মিনিট
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম, লেভেল-৬, বাপেক্স ভবন, ঢাকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভায় সভাপতি বাপেক্সের প্রাক্তন মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), জনাব এস. এম তারিকুল ইসলাম, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড (পিজিসিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে সদ্য মনোনীত হওয়ায় অভিনন্দন জ্ঞাপন করেন। নতুন কর্মস্থলে তাঁর উত্তরোত্তর সাফল্য কামনা করেন। তিনি বলেন, একটি কারিগরি প্রতিষ্ঠানে হিসাব ও অর্থ ক্যাডার হতে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে মনোনীত হওয়া খুবই গুরুত্বপূর্ণ। জনাব এস. এম তারিকুল ইসলাম এর নিজস্ব যোগ্যতা ও কর্মদক্ষতায় এটি সম্ভব হয়েছে। অতঃপর বাপেক্স এর মহাব্যবস্থাপকগণ ও উপমহাব্যবস্থাপকগণ পিজিসিএল-এর সদ্য মনোনীত ব্যবস্থাপনা পরিচালক-কে স্বাগত জানান এবং অত্যন্ত দক্ষতার সাথে নতুন প্রতিষ্ঠানে দায়িত্ব পালন করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন। সভায় সদ্য নিয়োগকৃত ব্যবস্থাপনা পরিচালককে তাঁর অভিব্যক্তি প্রকাশের অনুরোধ করা হলে জনাব এস. এম তারিকুল ইসলাম বলেন যে, তিনি বাপেক্স এর হিসাব ও অর্থ বিভাগের বিভিন্ন পদে ২১ বছর ২২ দিন দায়িত্ব পালন করেছেন। তিনি তাঁর অভিজ্ঞতা, শিক্ষা ও জ্ঞান কাজে লাগিয়ে পিজিসিএল-কে আরো সফল প্রতিষ্ঠানে পরিণত করে দেশে জ্বালানি খাতে ফলপ্রসু ভূমিকা রাখতে সচেষ্ট থাকবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি নতুন প্রকল্প নেয়ার ক্ষেত্রে বাপেক্স এর বর্তমান আর্থিক বাস্তবতাকে বিবেচনায় নেয়ার জন্য বাপেক্স এর কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর কোম্পানি সচিব আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব কোম্পানির ডিসেম্বর ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোনো মতামত বা সংশোধনের প্রয়োজন আছে কি না, তা জানতে চান। কোনো মতামত বা সংশোধন না থাকায় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে একমত পোষণ করেন। | ডিসেম্বর-২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২। | জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্ল্যানিং অ্যান্ড আইসিটি) সভায় জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের ডিপিপি কোম্পানির ৫০৯তম পর্ষদ সভায় অনুমোদন শেষে প্রয়োজনীয় সংশোধনপূর্বক পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে জিডিএফ কমিটির সভায় এটি অনুমোদিত হয়েছে। উক্ত ডিপিপি শীঘ্রই পেট্রোবাংলার পর্ষদ সভায় উপস্থাপন করা হবে বলে তিনি আশা প্রকাশ করেন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ভূমি হুকুমদখলের বিষয়টি ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র পাওয়া যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ | ১। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের ডিপিপি (DPP)-এর বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br><br>২। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ভূমি হুকুমদখলের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র দ্রুত সংগ্রহপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রকল্প ব্যবস্থাপক, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন প্রকল্প<br><br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রক্রিয়াধীন রয়েছে। বর্তমানে প্রসেস প্ল্যান্টটি অন্য স্থাপনায় রয়েছে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দ্রুততম সময়ের মধ্যে প্রসেস প্ল্যান্ট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। ব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও প্রকল্প ব্যবস্থাপক জানান যে, ইতোমধ্যে IIFC-এর ToR অনুমোদিত হয়েছে। ফেব্রুয়ারি ২০২৬-এর দ্বিতীয় সপ্তাহে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র পাওয়া যাবে বলে আশা করা যায়। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের ডিপিপির বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র সংগ্রহপূর্বক দ্রুত ভূমি হুকুমদখলের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় ভূমির শ্রেণি পরিবর্তনের লক্ষ্যে জেলা প্রশাসক, ভোলার সাথে যোগাযোগ করা হয়েছে। ভূমির শ্রেণি পরিবর্তনের বিষয়টি জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত হলে ফিল্ড বুক স্বাক্ষরিত হবে। উপ-মহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। অত:পর ব্যবস্থাপনা পরিচালক প্রকল্পের মেয়াদ কত দিন পর্যন্ত রয়েছে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত। প্রকল্পের কাজে নিয়োজিত ঠিকাদার এর কাজ কতদিন Delay হয়েছে মর্মে প্রশ্নের জবাবে প্রকল্প পরিচালক জানান যে, ইতোমধ্যে ২মাস Delay হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করার এবং নির্ধারিত প্রকল্পের মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে তা সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। এ ছাড়া, প্রকল্পের Time Bound ও Action Plan নির্ধারণ করার এবং গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ দ্রুত সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। | ১। প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে এবং নির্ধারিত প্রকল্পের মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে তা সম্পন্ন করতে হবে।<br>২। প্রকল্পের Time Bound এবং Action Plan নির্ধারণ করতে হবে।<br>৩। প্রসেস প্ল্যান্ট স্থাপন কাজের দীর্ঘসূত্রিতা পিআইসি ও পিএসসি সভায় উত্থাপন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| | | | ৪। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম নিবিড়ভাবে তদারকিপূর্বক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ দ্রুত সম্পাদন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৪। | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্ল্যানিং অ্যান্ড আইসিটি) জানান যে, ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রণীত ডিপিপি (DPP) পরিচালনা পর্ষদের ৫১১তম সভায় অনুমোদনক্রমে গত ০৬.০১.২০২৬ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। এটি শীঘ্রই জিডিএফ (GDF) অগ্রাধিকার তহবিল সভায় উপস্থাপন করা হবে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, প্রয়োজনীয়তার নিরিখে বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামোর খসড়া তৈরির কাজ চলছে। ইতোমধ্যে ৯টি বিভাগ হতে সাংগঠনিক কাঠামোর জন্য জনবলের প্রস্তাবনা পাওয়া গেছে; অবশিষ্ট ৫টি বিভাগের জনবলের প্রস্তাবনা বাকি আছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক জানান যে, পেট্রোবাংলার পরিচালক | ১। ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রণীত ডিপিপি (DPP)-এর বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। প্রয়োজনীয়তার নিরিখে একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো তৈরির লক্ষ্যে জনবলের প্রস্তাবনা দ্রুত দাখিল করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প)<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (প্রশাসন)-এর তদারকিতে প্রয়োজনীয়তার নিরিখে একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামোর খসড়া তৈরির কাজ চলছে। তিনি ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে ডিপিপি বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন এবং বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো তৈরির লক্ষ্যে দ্রুত জনবলের প্রস্তাবনা দাখিলের নির্দেশনা প্রদান করেন। | | |
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | প্রকল্প ব্যবস্থাপক জানান যে, "৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন" শীর্ষক প্রকল্পের আওতায় আহব্বানকৃত দরপত্রের বিপরীতে মূল্যায়িত সর্বনিম্ন দরদাতা বরাবরে NoA প্রদান এবং চূড়ান্ত চুক্তি স্বাক্ষরের অনুমোদনের জন্য গত ১১.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫১২তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা "সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা কমিটি"-তে প্রেরণের অনুমোদন দেওয়া হয়েছে। এ লক্ষ্যে পরবর্তী প্রক্রিয়া চলমান রয়েছে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, কূপ খনন কার্যক্রম শুরু করার লক্ষ্যে শ্রীকাইল কূপের রাস্তা প্রস্তুত করা হয়েছে এবং সাইট (Site) প্রস্তুতির কাজ চলমান। ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপ খনন এলাকায় পূর্ত কাজের দরপত্র আহব্বান করা হয়েছে। ইতোমধ্যে গণবিজ্ঞপ্তি জারি করা হয়েছে এবং শীঘ্রই ৭-ধারায় নোটিশ ইস্যু করা হবে। এ ছাড়া, ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে; দ্রুততম সময়ের মধ্যে লিজ ডিড (Lease Deed) সম্পন্ন করা হবে বলে আশা করা যায়। ব্যবস্থাপনা পরিচালক CCDC-কে Notification of Award (NoA) প্রদান ও কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া, CCDC কর্তৃক কূপ খননের প্রস্তুতি শুরুর লক্ষ্যে তাঁদের আগমনের পূর্বেই রাস্তা ও সাইট (Site) প্রস্তুত রাখা এবং জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর সাথে আলোচনা করে চা বাগানের মালিকপক্ষের নিকট হতে দাবিকৃত ক্ষতিপূরণ কমানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | ১। দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে NOA প্রদান করতে হবে।<br><br>২। CCDC কর্তৃক কূপ খনন কার্যক্রম শুরু করার পূর্বেই রাস্তা এবং সাইট (Site) প্রস্তুত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br><br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |
| | | | ৩। দ্রুত পূর্ত কাজ সম্পন্ন করতে হবে।<br><br>৪। ভূমি হুকুমদখল প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৬। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্ল্যানিং অ্যান্ড আইসিটি) জানান যে, '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপি (DPP) পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পুনর্গঠন করে ২৯.১২.২০২৫ তারিখে পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হলে গত ০৭.০১.২০২৬ তারিখে জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার নির্দেশনা অনুযায়ী উপ-কমিটির কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার | ১। জাতীয় কমিটির সভার নির্দেশনা অনুযায়ী চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপির (DPP) পুনর্গঠন করে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | লক্ষ্যে প্রণীত ডিপিপি জাতীয় কমিটির সভার নির্দেশনা অনুযায়ী দ্রুত পুনর্গঠন করে পেট্রোবাংলায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | | |
| ৭। | অডিট আপত্তি | উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা) জানান যে, বাপেক্স-এর বর্তমানে মোট ৩০৪টি (Non-SFI ৬৩টি, SFI ২১৭টি, সংকলনভুক্ত ও পিএ কমিটি ২৪টি) নিরীক্ষা আপত্তি রয়েছে। গত ০১.১২.২০২৫ তারিখে ১২টি SFI (অগ্রিম) নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ০২টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে, যার কার্যবিবরণী পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের মাধ্যমে বাণিজ্যিক অডিট অধিদপ্তরে (বিদ্যুৎ ও জ্বালানি) প্রেরণ করা হয়েছে। বর্তমানে সভা অনুষ্ঠানের জন্য মন্ত্রণালয় ও বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। তিনি আরও জানান যে, পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী বাপেক্স-এর অডিট আপত্তিসমূহের ক্যাটাগরি নির্ধারণের পরিবর্তে ব্রডশিট জবাব প্রদানের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্স-এর অডিট আপত্তির সংখ্যা কমানোর ওপর গুরুত্বারোপ করেন এবং দ্রুত ব্রডশিট জবাব প্রদানের পরামর্শ প্রদান করেন। তিনি অডিট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা এবং অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নথি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা হ্রাস করতে হবে।<br>২। বাপেক্সের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত ব্রডশিট জবাব প্রদান করতে হবে।<br>৩। অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৮। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তর কাজ শুরু হয়েছে। ইতোমধ্যে ২৮ ট্রিপ রিগ সংক্রান্ত মালামাল স্থানান্তর করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত রিগ সংক্রান্ত মালামাল স্থানান্তর সম্পন্ন করে আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে রিগ কমিশনিং এবং ২৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে Well Kill করে রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার শুরু করার নির্দেশনা প্রদান করেন। | ১। দ্রুত রিগ সংক্রান্ত মালামাল স্থানান্তর সম্পন্ন করে আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে রিগ কমিশনিং এবং ২৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে Well Kill করে রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার শুরু করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (খনন) |
| ০৯। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার সম্পাদনের লক্ষ্যে গত ০৮ জানুয়ারি ২০২৬ তারিখে রিগ কমিশনিং সম্পন্ন হয়েছে। ২৩.০১.২০২৬ তারিখে Well Kill করা হয়েছে এবং বর্তমানে Testing কাজ চলমান আছে। ওয়ার্কওভারের কাজ শুরু করার এক মাসের মধ্যে তা সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার সম্পাদনে কোনো ঝুঁকি আছে কি না জানতে চাইলে উপ-মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) জানান যে, সিমেন্ট স্কুইজ করার ক্ষেত্রে কিছুটা ঝুঁকি আছে। প্রকল্প ব্যবস্থাপক ড. কাজী | ১। দ্রুততম সময়ের মধ্যে সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কার্যক্রমের সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ফায়েজ আলম বলেন যে, Shallow Drilling-এ কিছু চ্যালেঞ্জ থাকলেও তা সহজেই উত্তরণ করা যাবে বলে আশা করা যায়। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ১০। | সুন্দলপুর-৩ কূপের ওয়ার্কওভার এবং সুন্দলপুর-৪ কূপ খনন | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বিয়ানীবাজার-২ ওয়ার্কওভার শেষে সুন্দলপুর-৪ কূপ খননের লক্ষ্যে আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ স্থানান্তরের দরপত্র আহ্বানের নিমিত্ত কমিটি কর্তৃক কারিগরি বিনির্দেশ ও দাপ্তরিক প্রাক্কলন তৈরির কাজ এবং 3rd Party Hiring-এর কার্যক্রম চলমান আছে। মহাব্যবস্থাপক (খনন) সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভার সম্পাদনের প্রয়োজন আছে কি না জানতে চাইলে প্রকল্প ব্যবস্থাপক ড. কাজী ফায়েজ আলম জানান যে, সুন্দলপুর-৩ কূপে ৩টি ডিএসটি (DST) করা আছে, যা পারফোরেশন করলে গ্যাস উৎপাদন বাড়ানো সম্ভব হবে। ব্যবস্থাপনা পরিচালক সুচিন্তিতভাবে সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের বিষয়টি পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার এবং সুন্দলপুর-৪ কূপের খনন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ দ্রুততম সময়ের মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। সুন্দলপুর-৪ কূপের খনন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ দ্রুততম সময়ের মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। সুচিন্তিতভাবে সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের বিষয়টি পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (খনন) |
| ১১। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। বাপেক্স ভবনের ছাদে থান্ডার অ্যারেস্টার (Thunder Arrester) স্থাপনের লক্ষ্যে একটি দরপত্র আহ্বান করা হয়েছে। উপ-মহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনে স্থাপিত লিফটের (Elevator) বিভিন্ন যন্ত্রাংশের ব্যবহারকাল বা মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির কার্যক্রম চলমান আছে। তিনি আরও জানান যে, মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে ফোকাল পয়েন্ট হিসেবে এবং উৎপাদন ফিল্ডসমূহের জন্য মহাব্যবস্থাপক (উৎপাদন), সেইফটির জন্য উপ-মহাব্যবস্থাপক (এইচএসই) ও নিরাপত্তা বিষয়ে উপ-মহাব্যবস্থাপক (সেবা)-এর অনলাইন নম্বর সংযুক্ত করে দপ্তর আদেশ জারি করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ডের বিষয়ে নিয়মিত তদারকিপূর্বক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং লিফটের যন্ত্রাংশের মেয়াদ খতিয়ে দেখে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবনের নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ড প্রতিরোধে নিয়মিত তদারকি ও সতর্কতামূলক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। দ্রুততম সময়ের মধ্যে বাপেক্স ভবনের ছাদে থান্ডার অ্যারেস্টার (Thunder Arrester) স্থাপনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>৩। বাপেক্স ভবনে স্থাপিত লিফটের (Elevator) বিভিন্ন যন্ত্রাংশের ব্যবহারকাল বা মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় প্রতিস্থাপন অথবা মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই)<br>৩। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১২। | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ। | ১২.১। উপ-মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, কাপাসিয়ায় ভূপদার্থিক বিভাগের মালামাল (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে), পরীক্ষাগার বিভাগের মালামাল এবং জিওলজিক্যাল পার্টির মালামাল সংরক্ষণের জন্য একটি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের লক্ষ্যে গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। উক্ত কমিটির চূড়ান্ত প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে দাখিল করা হবে বলে আশা করা যায়। ব্যবস্থাপনা পরিচালক মূল্যায়ন কাজ যথাযথভাবে সম্পাদন করার পরামর্শ প্রদান করেন। এ ছাড়া, দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল ও সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মূল্যায়ন কাজ যথাযথভাবে সম্পাদন করার বিষয়ে একটি দপ্তর আদেশ জারি করার নির্দেশনা প্রদান করেন। | ১। দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে এবং কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। মূল্যায়ন কাজ যথাযথভাবে সম্পাদন করার বিষয়ে একটি দপ্তর আদেশ জারি করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি<br>৩। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| | | ১২.২। উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা) সভায় জানান যে, বাপেক্স-এর চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষিত মালামাল ও যন্ত্রপাতি সংশ্লিষ্ট Software Crack করার কারণে MRR করা সম্ভব হচ্ছে না। এ লক্ষ্যে বাপেক্স-এর Store Management Software দ্রুত হালনাগাদ করা প্রয়োজন। মহাব্যবস্থাপক (প্ল্যানিং অ্যান্ড আইসিটি) জানান যে, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে মালামাল ও যন্ত্রপাতি সংশ্লিষ্ট Software ইতোমধ্যে Restore করা হয়েছে। মহাব্যবস্থাপক (উৎপাদন) উল্লেখ করেন যে, বাপেক্স-এর Store Management Software-এর মাধ্যমে কোনো কাজ সম্পাদন করতে গেলে ডকুমেন্ট Hide হয়ে যায়। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স-এর Store Management Software হালনাগাদসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্সের Store Management Sotfware হালনাগাদ করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| | | ১২.৩। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়) জানান যে, সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে স্থানীয় ক্রয় উপবিভাগের মাধ্যমে গত ২১ ডিসেম্বর ২০২৫ তারিখে ই-জিপি (e-GP) সিস্টেমে দরপত্র আহ্বান করা হয়েছে। উক্ত দরপত্র গত ০১.০১.২০২৬ তারিখে উন্মোচন করা হলে ৫টি দরপত্র দলিল পাওয়া যায়। যার মধ্যে Responsive ২টি দরপত্র দলিল Clarification-এর জন্য সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করা হয়েছে। বর্তমানে মূল্যায়ন কাজ চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ের মধ্যে সোলার প্যানেল স্থাপনের কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ১। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ের মধ্যে সোলার প্যানেল স্থাপন করতে হবে। | ১। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স |
| | | ১২.৪। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, আইনি মতামত গ্রহণপূর্বক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানায় পাওয়ার যৌক্তিকতা তুলে ধরে গত ০৭ অক্টোবর ২০২৫ | ১। ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে পেট্রোবাংলার সাথে এ বিষয়ে নিবিড় যোগাযোগ অব্যাহত আছে। কোম্পানি সচিব জানান যে, সম্প্রতি নাইকো (Niko) সংক্রান্ত একটি রায় পাওয়া গেছে; উক্ত রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কাজ চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ বজায় রাখার এবং নাইকো (Niko) সংক্রান্ত রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২। Niko সংক্রান্ত রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ২। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |
| | | ১২.৫। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, জিডিএফ (GDF)-এর অর্থায়নে বাস্তবায়িত বা সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের বিষয়ে পরিচালনা পর্ষদের ৫১২তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে তা পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের অনুমোদন করা হয়েছে। উপ-মহাব্যবস্থাপক (হিসাব) জানান যে, পর্ষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী পেট্রোবাংলায় প্রেরণের লক্ষ্যে পত্র প্রস্তুত করা হয়েছে, যা দ্রুত সময়ের মধ্যে প্রেরণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব প্রেরণ করা অত্যন্ত জরুরি। তাই তিনি জিডিএফ (GDF)-এর অর্থায়নে বাস্তবায়িত বা সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের বিষয়ে পরিচালনা পর্ষদের ৫১২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | ১। জিডিএফ-এর অর্থায়নে বাস্তবায়িত বা সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের বিষয়ে পরিচালনা পর্ষদের ৫১২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) |
| | | ১২.৬। উপ-মহাব্যবস্থাপক ও ফিল্ড ইনচার্জ (শ্রীকাইল গ্যাস ক্ষেত্র) জানান যে, ২০০৪-২০০৫ সালের কিছু অকেজো মালামাল ও যন্ত্রপাতি শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে পরিত্যক্ত অবস্থায় রয়েছে। উক্ত মালামাল বা যন্ত্রপাতি অন্য স্থাপনায় স্থানান্তর করে অকেজো মালামাল সংক্রান্ত নিলাম তালিকায় অন্তর্ভুক্ত করা প্রয়োজন। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে পরিত্যক্ত মালামালের মধ্যে ব্যবহারযোগ্য এবং অকেজো মালামালের তালিকা তৈরি করা আছে। তবে, স্থানান্তর ব্যয় অধিক হওয়ার কারণে শ্রীকাইল গ্যাস ক্ষেত্র হতে পরিত্যক্ত মালামাল অন্য স্থাপনায় স্থানান্তর করা সমীচীন হবে না। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে পরিত্যক্ত মালামাল ও যন্ত্রপাতি অন্য স্থাপনায় স্থানান্তর না করে বর্তমান অবস্থানে রেখেই কীভাবে বাপেক্স-এর অকেজো মালামাল নিলাম তালিকায় অন্তর্ভুক্ত করা যায়, তা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে পরিত্যক্ত মালামাল/যন্ত্রপাতি কিভাবে বাপেক্সের অকেজো মালামাল নিলাম তালিকায় অন্তর্ভুক্ত করা যায় সেটি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১২.৭। সভায় মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, বাপেক্সে নবযোগদানকৃত ৬৯ জন কর্মকর্তাকে বসার স্থান (Workstation) এবং কম্পিউটার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ইতোমধ্যে একটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সুপারিশ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (অর্থ) জানান যে, বসার স্থান সংকুলান না হওয়ায় হিসাব ও অর্থ বিভাগে নবযোগদানকৃত কর্মকর্তাগণকে বসার স্থান (Workstation) দেয়া সম্ভব হচ্ছে না। তাই, বিষয়টি জরুরি ভিত্তিতে সুরাহা করা প্রয়োজন। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, নির্মাণ পরিকল্পনা অনুযায়ী বাপেক্স ভবন ২০ তলা পর্যন্ত নির্মাণ করা যায়। বর্তমানে ১২ তলার উপরে আরো কয়েক ফ্লোর উঁচু করার মাধমে কর্মকর্তাগণকে বসার স্থান (Workstation) সংক্রান্ত সমস্যা সমাধান করা যেতে পারে। ব্যবস্থাপনা পরিচালক জানান যে, বাপেক্স ভবন ১২ তলার উপরে আরো কয়েক ফ্লোর করার বিষয়ে পেট্রোবাংলার চেয়ারম্যান হতে ইতিবাচক সাড়া পাওয়া গেছে। তাই, বাপেক্স ভবন আরো কয়েক ফ্লোর উঁচু করার বিষয়ে সুপারিশ প্রদানের জন্য জনাব এস. এম. কামরুজ্জামান, মহাব্যবস্থাপক (নির্মাণ)-আহবায়ক, জনাব এস. এম সোনাউল্লাহ, উপমহাব্যবস্থাপক (অর্থ), জনাব মুহম্মদ জহিরুল ইসলাম, উপমহাব্যবস্থাপক (সেবা), জনাব তারেক আহমদ, উপমহাব্যবস্থাপক (নির্মাণ)-সদস্য সচিব এবং প্রকৌ: মো: কামরুল হাসান শোভন, উপমহাব্যবস্থাপক (প্রকৌশল)-এর সমন্বয়ে একটি কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবন ১২ তলার উপরে আরো কয়েক ফ্লোর করার বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে: জনাব এস. এম. কামরুজ্জামান, মহাব্যবস্থাপক (নির্মাণ)-আহবায়ক, জনাব এস. এম সোনাউল্লাহ, উপমহাব্যবস্থাপক (অর্থ), জনাব মুহম্মদ জহিরুল ইসলাম, উপমহাব্যবস্থাপক (সেবা), জনাব তারেক আহমদ, উপমহাব্যবস্থাপক (নির্মাণ)-সদস্য সচিব এবং প্রকৌ: মো: কামরুল হাসান শোভন, উপমহাব্যবস্থাপক (প্রকৌশল)। উক্ত কমিটি দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় সুপারিশ সম্বলিত প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক এর দাখিল করবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৯/২০২৬

প্রকৌশলী মোঃ ফজলুল হক
সভাপতি, মাসিক সমন্বয় সভা
এবং
ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ..............................................................বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ..............................................................বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক..............................................বাপেক্স।
৪) অফিস কপি।